অশান্তির অভিযোগে ধৃত এক

নিজস্ব প্রতিনিধি
জয়নগর। ৯ মে

এলাকায় বিশৃঙ্খলা ও অশান্তির অভিযোগে জয়নগরে গ্রেফতার এক যুবক। গত সোমবার সারা রাজ্যে গেরুয়াময় হওয়ার পর থেকে বিজয় মিছিল ও আনন্দ উৎসবে শামিল হয়েছেন বহু মানুষ। শনিবার সরকার গঠনের আগে শুক্রবার এলাকায় গন্ডগোল পাকানো ও অশান্তি ছড়ানোর অভিযোগে জয়নগর থানার নারায়ণীতলা পঞ্চায়েতের কাঁটাপুকুরিয়া এলাকা থেকে বিশ্বনাথ সরদার নামে এক যুবককে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে জয়নগর থানার পুলিশ।

ধৃতকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হয়।

ঐতিহাসিক সন্ধিক্ষণে মাংস-ভাত

সুইটি ভট্টাচার্য
নদিয়া। ৯ মে

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে একদিকে যখন চলছে নতুন সরকারের শপথ, অন্যদিকে নদিয়ার কৃষ্ণগঞ্জের মাজদিয়ায় চলছে মাংস-ভাতের দেদার আয়োজন। যাঁরা ব্রিগেডে ঐতিহাসিক সন্ধিক্ষণে উপস্থিত হতে পারেননি তাঁদের জন্য ব্যবস্থা করা হয় জায়েন্ট স্ক্রিনের। শপথগ্রহণ চলার পথ সাধারণ মানুষের জন্য ব্যবস্থা করা হয়েছে মাংসভাতের।

তৃণমূল কংগ্রেস প্রচার করেছিল বিজেপি ক্ষমতায় এলে রাজ্য থেকে মাছ-মাংস তুলে দেবে। আর তাই রাজ্যের ঐতিহাসিক দিনেই মাংস দিয়ে ভাত খাওয়ানো হল সকলকে।

বিজেপির বঙ্গ বিজয়

নিজস্ব প্রতিনিধি
কলকাতা। ৯ মে

শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মাটিতে সরকারের পথ চলা শুরু। দাঙ্গা-দেশভাগের ক্ষত, লক্ষ লক্ষ ভিটেমাটি ছাড়া মানুষের পাশে কীভাবে দাঁড়িয়েছিলেন শ্যামাপ্রসাদ? তাঁর আদর্শকে হাতিয়ার করে বাংলার মাটিতে কীভাবে সরকার গঠন করল বিজেপি?

আটের দশকে দেশের মাটিতে সংসদীয় গণতন্ত্রে পথচলা শুরু বিজেপির। তারপর ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশজুড়ে গেরুয়া ঝড় বয়েছে। এবার বাংলায় সেই ঝড় ঠেকাতে পারল না দুর্নীতির অভিযোগে বিদ্ধ তৃণমূল। কর্মসংস্থান, নারী নিরাপত্তা, দুর্নীতি, কাটমানি, রাজনৈতিক হিংসার অভিযোগে বিদ্ধ তৃণমূলকে মানুষের রায় সরিয়ে দিল বাংলার মসনদ থেকে। বাংলার মানুষের মন বুঝেছিলেন মোদি। এবার কোন পথে হাঁটবে নতুন সরকার?

সেই সব প্রশ্নের উত্তর খুঁজতেই বিশেষজ্ঞদের মতামত সহ টিভি৯ বাংলার নতুন নিউজ সিরিজ 'বিজেপির বঙ্গ-বিজয়' আজ রাত ১০টায়।

কালবৈশাখীর তাণ্ডবে লন্ডভন্ড তাঁতঘর

নিজস্ব প্রতিনিধি
নদিয়া। ৯ মে

চৈত্র-বৈশাখের সন্ধিক্ষণে অকাল দুর্যোগের বলি শান্তিপুরের এক তাঁতশিল্পী। শুক্রবার রাতের প্রবল ঝড় ও বৃষ্টির তাণ্ডবে তছনছ হয়ে যায় শান্তিপুর পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের অন্তর্গত রাজপুত পাড়া বারোয়ারি এলাকার বাসিন্দা কৌশিক দেবনাথের (৩২) রুজি-রুটি। ঝড়ে ঘরের চাল উড়ে গিয়ে এবং বৃষ্টির জলে ভিজে নষ্ট হয়ে গিয়েছে কয়েক লক্ষ টাকার সুতো ও তাঁত মেশিন।

কৌশিক দেবনাথ, বয়স ৩২। পেশায় তাঁতশিল্পী। এক ছেলে, এক মেয়ে। বাড়ি রাজপুত পাড়া বারোয়ারি এলাকায়। রাতের ঝড়বৃষ্টির তাণ্ডবে প্রাকৃতিক দুর্যোগে ফলে উড়ে যায় তাঁত ঘরের টিনের ছাদ। ভিজে নষ্ট হয়ে যায় তিনটি তাঁত। লক্ষাধিক টাকার ক্ষতির অনুমান করছেন কৌশিক বাবু।

নতুন মুখ্যমন্ত্রীর শপথে আবেগে ভাসল উলুবেড়িয়া, পদ্মের দাম ঊর্ধ্বমুখী

নিজস্ব প্রতিনিধি
উলুবেড়িয়া। ৯ মে

কবিগুরুর জন্মদিনের দিন মুখ্যমন্ত্রীর পদে শপথ নিলেন শুভেন্দু অধিকারী। নতুন মুখ্যমন্ত্রীর শপথের দিন আবেগে ভাসল উলুবেড়িয়া থেকে উদয়নারায়ণপুর, আমতা থেকে শ্যামপুর। গেরুয়া আবির থেকে জায়েন্ট স্ক্রিনে শপথগ্রহণ অনুষ্ঠান, লাড্ডু থেকে ঝালমুড়ি, রবিবার এক নতুন ঐতিহাসিক দিনের সাক্ষী থাকল বিজেপি কর্মী থেকে সাধারণ মানুষ। এদিন জেলার বিভিন্ন জায়গার পাশাপাশি উলুবেড়িয়ার বাজারপাড়া সহ বিভিন্ন জায়গায় জায়েন্ট স্ক্রিনে শপথগ্রহণ অনুষ্ঠান দেখানোর ব্যবস্থা করা হয়। সকালে বিজেপির পক্ষ থেকে উলুবেড়িয়া পুরসভা প্রাঙ্গণে কবিগুরুর মূর্তিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এদিন শুভেন্দু অধিকারীর শপথগ্রহন অনুষ্ঠানকে ঘিরে আনন্দে মেতে ওঠেন বিজেপি কর্মী-সমর্থকরা। সাধারণ মানুষও এই আনন্দে শামিল হন। বিভিন্ন জায়গায় ঝালমুড়ির পাশাপাশি লাড্ডু বিতরণ করা হয়। অন্যদিকে নতুন মন্ত্রিসভা শপথের দিন পদ্মফুলের দাম একলাফে অনেকটাই বৃদ্ধি পায়।

সারা বাংলা ফুলচাষি ও ফুল ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নারায়ণ নায়েক বলেন, 'কলকাতার মল্লিকবাজারে যেখানে অন্যসময় এক একটি পদ্মফুল ১ টাকা থেকে ২ টাকায় বিক্রি হয়, সেই ফুল আজ বিক্রি হয়েছে ৮ থেকে ১০ টাকায়। জেলা থেকে কলকাতা শহরতলির বাজারে পদ্মফুল বিক্রি হল ১২ থেকে ১৫ টাকায়।'

তিনি বলেন, 'নতুন মন্ত্রিসভা গঠনের পরিপ্রেক্ষিতে এক ধাক্কায় পদ্মের চাহিদা অনেকটাই বৃদ্ধি পাওয়ায় ফুলের দামও ঊর্ধ্বমুখী হয়েছে। অন্যদিকে পদ্মের দাম ঊর্ধ্বমুখী হওয়ায় খুশি ফুলচাষি থেকে ফুল ব্যবসায়ীরা।

ডেভেলপমেন্ট ফি নিয়ে বিজেপি বিধায়কের কড়া বার্তা

শুভেন্দু বন্দ্যোপাধ্যায়
আসানসোল। ৯ মে

বিধানসভা নির্বাচনের মাধ্যমে রাজ্যে বদলে যাওয়া রাজনৈতিক পরিস্থিতির মধ্যেই এবার আসানসোল সিটি বাস স্ট্যান্ডে দীর্ঘদিন ধরে চলা ডেভেলপমেন্ট ফি আদায় নিয়ে নতুন করে বিতর্ক শুরু হয়েছে। এই ফি বাবদ প্রতি বছর লক্ষ লক্ষ টাকা তোলা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে।

রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসির নেতা রাজু আলুওয়ালিয়া অভিযোগ তুলেছেন, আসানসোল পুরনিগমের নাম করে প্রতিদিন বাসগুলির কাছ থেকে টাকা তোলা হলেও সেই অর্থের পূর্ণ হিসাব পুরনিগমে জমা পড়ে না। তিনি গোটা ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন।

তৃণমূল কংগ্রেসের শ্রমিক নেতার এই অভিযোগের পরেই আসানসোল উত্তর কেন্দ্রের বিজেপি বিধায়ক কৃষ্ণেন্দু মুখোপাধ্যায় কড়া প্রতিক্রিয়া দিয়েছেন। তিনি বলেন, 'বিজেপি সরকারের আমলে কাটমানি, সিন্ডিকেট বা দুর্নীতি বরদাস্ত করা হবে না। পুরনিগমের নাম করে অবৈধ টাকা তোলা হয়ে থাকলে তদন্ত করে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।'

শ্রমিকদের পাশে আসাম বঙ্গীয় সারস্বত মঠ

নিজস্ব প্রতিনিধি
জয়নগর। ৯ মে

গরিব মানুষের পাশে থেকে দীর্ঘদিন কাজ করে চলেছে আসাম বঙ্গীয় সারস্বত মঠ। উত্তর ২৪ পরগনার হালিশহরের এই মঠের উদ্যোগে দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, উত্তর ২৪ পরগনার বিভিন্ন প্রান্তে জনসেবামূলক একাধিক কাজ চলছে।

শুক্রবার এই মঠের ভক্ত স্বাগতা মুখার্জির উদ্যোগে মুলদিয়ার একটি ইটভাটাতে ৫০ জন শ্রমিকের হাতে খাদ্য ও পানীয় জলের বোতল তুলে দেওয়া হয়।

গোপাল খুন কাণ্ডে মূল অভিযুক্ত গ্রেফতার

নিজস্ব প্রতিনিধি
কুলটি। ৯ মে

আসানসোলের চিনাকুড়ির গোপাল মাহাতো খুন কাণ্ডে বড়ো সাফল্য পেল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের কুলটি থানার নিয়ামতপুর ফাঁড়ির পুলিশ। ঘটনায় মূল অভিযুক্ত কৃষ্ণা নুনিয়াকে শুক্রবার উত্তরপ্রদেশের প্রয়াগরাজ উত্তরপ্রদেশের প্রয়াগরাজ সংশোধনাগার থেকে গ্রেফতার করা হয়েছে। জানা গিয়েছে, মোবাইল চুরির একটি মামলায় সে উত্তরপ্রদেশে ধরা পড়ে সেখানকার সংশোধনাগারে ছিল।

পুলিশ সূত্রে খবর, ২০২৫ সালের ১৯ অগস্টে হওয়া এই বহুচর্চিত খুন কাণ্ডের পরে থেকেই পলাতক ছিল কৃষ্ণা নুনিয়া। দীর্ঘ তদন্তের পর তার অবস্থান সম্পর্কে নিশ্চিত হয়ে নিয়ামতপুর ফাঁড়ির পুলিশ উত্তরপ্রদেশে যায়। সেখানে প্রয়াগরাজ জেলে থাকা কৃষ্ণাকে আদালতে পেশ করে ট্রানজিট রিমান্ডে নেওয়া হয়। সমস্ত আইনি প্রক্রিয়া সম্পূর্ণ করে তাকে শুক্রবার সকালে আসানসোল আদালতে নিয়ে আসে পুলিশ।

ধৃতকে আসানসোল আদালতে পেশ করে পুলিশ হেফাজতে নেওয়ার আবেদন জানানো হয়। সেই আবেদনের ভিত্তিতে বিচারক তার জামিন নাকচ করে ৫ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন। তদন্তকারীদের দাবি, তাকে জেরা করে এই খুন কাণ্ডে নিয়ে একাধিক গুরুত্বপূর্ণ তথ্য সামনে আসতে পারে।

প্রসঙ্গত, গোপাল মাহাতোকে চিনাকুড়ির বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে দূরে একটা মাঠে পিটিয়ে খুন করেছিল দুষ্কৃতীরা। পরিবারের তরফে এই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে কৃষ্ণা নুনিয়া-সহ বেশ কয়েকজনের নাম দেওয়া হয়েছিল।

এই ঘটনায় এর আগে আরও তিনজনকে গ্রেফতার করেছিল পুলিশ। এবার মূল অভিযুক্ত ধরা পড়ায় মামলার তদন্তে বড়ো অগ্রগতি হবে বলেই মনে করছেন পুলিশ আধিকারিকরা।

কোন্নগরের প্রসিদ্ধ মা শকুন্তলা সূর্যের মুখ দেখেন না

নিজস্ব প্রতিনিধি
হুগলি। ৯ মে

হুগলি জেলার কোন্নগরের অন্যতম ঐতিহ্যপূর্ণ শ্রীশ্রী শকুন্তলা কালীমাতার পুজো অনুষ্ঠিত হল গতকাল। ১৩৭তম বছরের এই পুজো ঘিরে জেলা ও জেলার বাইরের বহু মানুষের সমাগম হয়। প্রতি বছর বৈশাখ মাসের কৃষ্ণপক্ষের দ্বিতীয় বা তৃতীয় শনিবার এই ঐতিহ্যপূর্ণ পুজোর আয়োজন হয়ে থাকে। ভক্তদের বিশ্বাস, মা কোন্নগরকে নিজের হাতে রক্ষা করেন। কথিত আছে, যে জায়গায় এখন এই কালীপুজো হয়, বহু বছর আগে সেখানে জলা-জঙ্গলে ভর্তি ছিল। সেখানেই একটি বড়ো গাছে ছিল শকুনের বাসা। সেই গাছের নীচেই ডাকাতরা মায়ের পুজো করত। সেই থেকেই মা কালীর নাম শকুন্তলা হয়েছে।

অপরদিকে কথিত আছে, সেই সময়ের কোন্নগর শহরের দেবেন্দ্রনাথ চক্রবর্তী পৌরোহিত্যের কাজ সেরে বাড়ি ফেরার পথে একদিন এলোকেশী শ্যামলা অপরূপা এক নারীমূর্তিকে ওই স্থানে দেখেন এবং মিলিয়ে যেতেও দেখেন। এরপর তিনি স্বপ্নাদেশ পান মায়ের মূর্তি নির্মাণ করে পুজো করার। এরপরে স্বপ্নে দেখা অপরূপ রূপের আদলে মাটির মূর্তি গড়ে শুরু হয় পুজো। ১২৯৭ বঙ্গাব্দে যেখানে মায়ের মন্দির সেখানেই বৈশাখ মাসের কৃষ্ণপক্ষে শনিবার প্রথম পুজো অনুষ্ঠিত হয়েছিল। এরপর থেকে বারোয়ারি ভাবেই মায়ের পুজো সম্পন্ন হয়ে আসছে। বর্তমানে মন্দিরে গর্ভগৃহের ভিতরে একটি শ্বেতপাথরের বেদির উপরে প্রতিষ্ঠিত থাকেন মা। সারা বছর বেদিতে পুজো হয়। এখানকার পুজোর কিছু বিশেষত্ব আছে। প্রথমত মা কালী সূর্যের মুখ দেখেন না। মায়ের জিহ্বা বাইরে বের হয় না।

মাকে পুজোর দিন সূর্যাস্তের পর ভক্তরা কাঁধে করে মন্দিরের গর্ভগৃহে বেদিতে মাকে নিয়ে আসেন। এরপর স্বর্ণালঙ্কারে মাকে সজ্জিত করা হয়। পুজোর আগের দিন রাত বারোটার পর থেকে বেদিতে জল ঢালার প্রচলন রয়েছে। বহু দূর দূরান্ত থেকে ভক্তরা এই রাতে গঙ্গায় স্নান সম্পন্ন করে হেঁটে মন্দিরে গিয়ে বেদিতে জল ঢালেন। দণ্ডি কেটে চলে মানতপর্ব। মন্দিরে পশুবলির রীতিও রয়েছে প্রথম থেকেই। এক সময়ে কয়েক হাজার ছাগ বলি হত। বর্তমানে সেই সংখ্যা অনেকটাই কমেছে। বলি শেষে শুরু হয় যজ্ঞ ও আহুতি। সারারাত পুজো হওয়ার পর ভোরবেলা সূর্যাস্তের আগেই ভক্তদের কাঁধে চেপেই মা শকুন্তলা নিরঞ্জনের পথে যান। আবার এক বছরের অপেক্ষা। এই পুজো উপলক্ষে মন্দির সংলগ্ন দু'টি মাঠে বিশাল মেলা বসে। পূর্বে এই মেলা একমাস থাকত। বর্তমানে মেলার মেয়াদ কমিয়ে সাতদিন করা হয়েছে। এই পুজোকে কেন্দ্র করে শুক্রবার থেকে এক সপ্তাহ কোন্নগর শহরজুড়ে উৎসবের মেজাজ।

কলেজ পরিদর্শনে বিজেপি নেতৃত্ব, শিক্ষার পরিকাঠামো উন্নয়নের দাবি

নিজস্ব প্রতিনিধি
খণ্ডঘোষ। ৯ মে

ভগ্নপ্রায় স্যার রাসবিহারী ঘোষ মহাবিদ্যালয়!

খণ্ডঘোষ ব্লকের উখরিদ অঞ্চলে অবস্থিত স্যার রাসবিহারী ঘোষ মহাবিদ্যালয় দীর্ঘদিন ধরেই অবহেলা ও পরিকাঠামোগত সমস্যার মুখে দাঁড়িয়ে রয়েছে বলে অভিযোগ। ভারতীয় রাজনীতিবিদ, আইনজীবী, সমাজকর্মী ও দানবীর রাসবিহারী ঘোষ-এর আদর্শকে সামনে রেখে প্রতিষ্ঠিত এই মহাবিদ্যালয় ২০১০ সালে পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞপ্তির মাধ্যমে গড়ে ওঠে। পরবর্তীতে এটি ইউনিভার্সিটি অব বর্ধমান-এর অধিভুক্ত কলেজ হিসেবে পথচলা শুরু করে।

শুক্রবার কলেজটি পরিদর্শনে আসেন স্থানীয় বিজেপি নেতৃত্ব। পরিদর্শন শেষে বিষ্ণুপুর বিজেপি সাংগঠনিক জেলার যুব মোর্চার সদস্য রাজর্ষি হাজরা জানান, খণ্ডঘোষ বিধানসভা এলাকার একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্যার রাসবিহারী ঘোষ মহাবিদ্যালয়ের বিশেষ গুরুত্ব রয়েছে। কিন্তু দীর্ঘদিন ধরে কলেজটি ভগ্নপ্রায় অবস্থায় পড়ে রয়েছে বলে তিনি দাবি করেন। তৃণমূল পরিচালিত সরকার কোনও নজর দেয়নি বলেও দাবি জানান তিনি।

তিনি আরও বলেন, 'কলেজের অধ্যক্ষের সঙ্গে কথা বলে জানা গিয়েছে বর্তমানে সেখানে প্রায় ৩০০ জন ছাত্রছাত্রী পড়াশোনা করছেন। যে প্রতিষ্ঠান একসময় এলাকার গর্ব হওয়ার কথা ছিল, তা আজ অবহেলার শিকার।' শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়নের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তিনি বলেন, 'সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন হওয়া উচিত এবং ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করা জরুরি।'

পাশাপাশি ভবিষ্যতে ছাত্রছাত্রীদের কলেজমুখী করতে প্রয়োজন হলে সচেতনতামূলক কর্মসূচি ও ক্যাম্পাসিংয়ের উদ্যোগ নেওয়ার কথাও জানান বিজেপি নেতৃত্ব। স্থানীয় স্তরে এই ঐতিহ্যবাহী কলেজের পরিকাঠামোগত উন্নয়ন এবং শিক্ষার পরিবেশ ফেরানোর দাবিও ওঠে তাঁদের তরফে।

বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু মৎস্যজীবীর

নিজস্ব প্রতিনিধি
কাকদ্বীপ। ৯ মে

দক্ষিণ ২৪ পরগনার সাগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক মৎস্যজীবীর। মৃতের নাম নবীন আলি সাহা (৩৫)। শনিবার দুপুরে সাগর থানার হরিণবাড়ি এলাকায় মর্মান্তিক ঘটনাটি ঘটেছে।

জানা গিয়েছে, নবীন আলি সাহা শনিবার দুপুর নাগাদ গ্রামের একটি ফিসারিতে কাজ করছিলেন। সেই সময় অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন তিনি। ঘটনাস্থলে থাকা অন্যান্য শ্রমিক ও স্থানীয় বাসিন্দারা দ্রুত ছুটে এসে তাঁকে উদ্ধার করেন। তড়িঘড়ি তাঁকে সাগর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতালে পৌঁছানোর পর চিকিৎসকরা নবীনকে মৃত ঘোষণা করেন। সাগর থানার পুলিশ হাসপাতালে পৌঁছে দেহটি উদ্ধার করে। ময়নাতদন্তের জন্য মৃতদেহ কাকদ্বীপ সুপার স্পেশালিটি হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। কীভাবে এই দুর্ঘটনা ঘটল, খতিয়ে দেখছে পুলিশ।

অসুস্থ হয়ে ভারতীয় সেনার মৃত্যু

নিজস্ব প্রতিনিধি
কাকদ্বীপ। ৯ মে

সীমান্ত রক্ষার কঠিন শপথ নিয়ে ঘর ছেড়েছিলেন ১৭ বছর আগে। লাদাখের হাড়কাঁপানো ঠান্ডায় দেশের সেবা করতে করতেই চিরতরে চোখ বুজলেন বাংলার আরও এক বীর সন্তান। শুক্রবার সাগর ব্লকের বেগুয়াখালি গ্রামে ফিরল ভারতীয় সেনা জওয়ান অম্লান দাসের (৪৫) নিথর দেহ। বীর সেনাকে শেষ বিদায় জানাতে এদিন গঙ্গাসাগর এলাকায় মানুষের ঢল নামে।।

জানা গিয়েছে, বেগুয়াখালির বাসিন্দা অম্লান দাস ১৭ বছর ধরে ভারতীয় সেনায় নিযুক্ত ছিলেন। বর্তমানে তিনি লাদাখ সীমান্তে কর্মরত ছিলেন। বুধবার সেনার সদর দফতর থেকে হঠাৎই বাড়িতে খবর আসে যে, ডিউটি চলাকালীন তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। চিকিৎসাধীন অবস্থাতেই মৃত্যু হয় অম্লানের।

শুক্রবার যখন জাতীয় পতাকায় মোড়া অম্লান দাসের দেহ গ্রামে পৌঁছায়, তখন স্থানীয় কয়েক হাজার মানুষ রাস্তার দু'পাশে দাঁড়িয়ে শেষ শ্রদ্ধা জানান। প্রশাসনের শীর্ষকর্তাদের উপস্থিতিতে ভারতীয় সেনার পক্ষ থেকে তাঁকে 'গান স্যালুট' দিয়ে রাষ্ট্রীয় সম্মানে শেষ বিদায় জানানো হয়।

মার্চ প্রান্তিকে বিড়লা কর্পোরেশনের নিট মুনাফা বেড়েছে ১৫ শতাংশ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: বাজারের প্রতিকূল পরিস্থিতি কাটিয়ে উঠে, রেকর্ড পরিমাণ সিমেন্ট বিক্রি এবং পুরো বছরের নিট মুনাফায় শক্তিশালী প্রবৃদ্ধির মধ্য দিয়ে বিড়লা কর্পোরেশন লিমিটেড তাদের ২০২৫-২৬ অর্থবছরটি সফলভাবে সম্পন্ন করেছে। এই বছরে কোম্পানির নিট মুনাফার পরিমাণ দাঁড়িয়েছে ৫৫৮ কোটি টাকা, যা গত বছরের তুলনায় ৮৯% প্রবৃদ্ধির নির্দেশক।

ব্লেন্ডেড এবং প্রিমিয়াম— উভয় ধরনের সিমেন্ট বিক্রির পরিমাণে উল্লেখযোগ্য প্রবৃদ্ধির সুবাদে, কোম্পানির পুরো বছরের সমন্বিত সিমেন্ট বিক্রির পরিমাণ ১৮.৭২ মিলিয়ন টনে পৌঁছে একটি নতুন রেকর্ড সৃষ্টি করেছে। পুরো বছরে কোম্পানি তাদের উৎপাদন ক্ষমতার ৯৫% সদ্ব্যবহার করতে সক্ষম হয়েছে, যেখানে শিল্পের গড় হার আনুমানিক ৭০% বলে ধরা হয়। এই বছরে সিমেন্ট উৎপাদনও একটি মাইলফলক স্পর্শ করেছে এবং প্রথমবারের মতো ১৯ মিলিয়ন টনে পৌঁছেছে। গত মার্চ মাসে কুন্দনগঞ্জ প্ল্যান্টের 'লাইন-৩' চালু হওয়ার পর, বিড়লা কর্পোরেশন লিমিটেডের বার্ষিক উৎপাদন ক্ষমতা ২০ মিলিয়ন টন থেকে বেড়ে ২১.৪ মিলিয়ন টনে উন্নীত হয়েছে। কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী আধিকারিক সন্দীপ ঘোষ বলেন, "বিড়লা কর্পোরেশন লিমিটেড তাদের বাজার অংশের 'প্রিমিয়ামাইজেশন' বা উচ্চমানের পণ্যের দিকে ঝোঁক এবং মূল্য নির্ধারণের কৌশলে অবিচল থেকেছে। পাশাপাশি, ধারাবাহিক ও ইতিবাচক ফলাফল নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানি তাদের লাভজনক বাজারগুলোতে নিজেদের অবস্থান আরও সুদৃঢ় করেছে।" মার্চ প্রান্তিকে বিড়লা কর্পোরেশন লিমিটেড ২৯৫ কোটি টাকার নিট মুনাফা অর্জন করেছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ১৫% বেশি।

■ উলুবেড়িয়া বাজারপাড়ায় কবি প্রণাম। নিজস্ব ছবি। হাওড়া। শনিবার।

■ উলুবেড়িয়া বাজারপাড়ায় জায়েন্ট স্ক্রিনে শপথগ্রহণ অনুষ্ঠান। ছবি: নিজস্ব। হাওড়া। শনিবার।

TAX ACCOUNTANT (CONSULTANT)

JAYDEEP MITRA
Tax Accountant

Services Provided
GST, EPF, ESI, I.TAX & P.Tax Registration, Compliance, Assessment and Accounts Maintenance

+91-9875315823
+91-7890058612
www.jaydeepmitra.com
contact@jaydeepmitra.com
taxconsultantmitra2020@gmail.com

পাত্রী চাই

পাত্র নাথ, শিবগোত্র, দেবারিগণ, উচ্চতা 5'6", B.Tech, MBA, Age-39+ অবিবাহিত, Hobbies- Travelling, Badminton Playing and Cooking. American Multinational Company-তে কর্মরত। আসাম তিনসুকিয়াতে নিজস্ব বাড়ী এবং দক্ষিণ কলকাতাতে নিজস্ব ফ্ল্যাট আছে। সুশ্রী যোগ্যতাসম্পন্ন পাত্রী কাম্য। অসবর্ণে আপত্তি নেই। বয়স ৩৫-এর মধ্যে। সত্বর বিবাহে ইচ্ছুক।

9864524613
9830894901

FLAT FOR SALE

Around 900 sqft. 2 BHK Flat first floor at Unimark Springfield Elite 2 Gopalpur, Rajarhat Kolkata asking price 55 lakh negotiable. Contact–
8473913151,9435070235
Sil/2751

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নং. এসজি.টেন্ডার/ডিএসটিই/এসডিএএইচ/৬০৯, তারিখ ঃ ০৭.০৫.২০২৬। সিনিয়র ডিভিশনাল সিগন্যাল অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে, আরএমএস বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। 'ই'-টেন্ডার নং.ঃ এসডিএসটিই/এসআইজি/টি/৩৭/২৫-২৬/এসএফ; স্থানসহ কাজের নাম ঃ শিয়ালদহ ডিভিশনের ইন্টারলকড এলসি গেটস (ওএসএল)-এ সিগন্যাল ব্ল্যাঙ্কিং এড়ানোর জন্য ইনভার্টারের ব্যবস্থা। টেন্ডার মূল্য ঃ ₹ ১,৩৬,৯৬,৩৩৫.৪৩; টেন্ডার নথির মূল্যঃ শূন্য; বায়না অর্থ/বিড সিকিউরিটি জমা দিতে হবে ঃ ₹ ২,৭৩,৯০০.০০; কাজ সমাপ্তির মেয়াদঃ ১২ মাস; টেন্ডার জমা দেওয়ার শুরুর তারিখঃ ২১.০৫.২০২৬; টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখঃ ০৪.০৬.২০২৬ তারিখ দুপুর ২টা পর্যন্ত; টেন্ডার বিড খোলার তারিখ ঃ ০৪.০৬.২০২৬ তারিখ দুপুর ২টা ৩০ মিনিটে; বিস্তারিত তথ্য পাওয়া যাবেঃ www.ireps.gov.in প্রযুক্তিগত যোগ্যতার মানদণ্ড ঃ টেন্ডারদাতাকে গত ০৭ (সাত) বছরে, যে মাসে টেন্ডার আহ্বান করা হয়েছে, আগের মাসের শেষ দিন পর্যন্ত নিম্নলিখিত শ্রেণীর যেকোনো একটি কাজ সফলভাবে সম্পন্ন করতে হবে অথবা উল্লেখযোগ্যভাবে সম্পন্ন করতে হবে ঃ (i) তিনটি অনুরূপ কাজ যার প্রতিটির মূল্য টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যের ৩০-এর সমান পরিমাণের কম নয়, অথবা (ii) দুইটি অনুরূপ কাজ যার প্রতিটির মূল্য টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যের ৪০-এর সমান পরিমাণের কম নয়, অথবা (iii) একটি অনুরূপ কাজ যার প্রতিটির মূল্য টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যের ৬০-এর সমান পরিমাণের কম নয়; আর্থিক যোগ্যতার মানদণ্ড- টেন্ডারদাতার ন্যূনতম গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার ভি/এন বা 'ভি' হতে হবে, যেটি কম হবে; যেখানে ভি গু টেন্ডারের বিজ্ঞাপিত মূল্য কোটি টাকা, এন গু কাজ সমাপ্তির জন্য নির্ধারিত বছরের সংখ্যা যার জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। নিরীক্ষিত ব্যালেন্স শীট অনুসারে, গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার পূর্ববর্তী তিন আর্থিক বছরে ক্ষুদ্রমোট চুক্তিভিত্তিক অর্থপ্রদানক্ষম এর গড় হিসাবে গণনা করা হবে। তবে, যদি পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিট এখনও প্রস্তুত/নিরীক্ষিত না হয়ে থাকে, তাহলে চতুর্থ পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিট গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার গণনার জন্য বিবেচনা করা হবে। টেন্ডারদাতাদের জিসিসি ২০২২ (বর্তমান টেন্ডার নথির ফর্ম-৬)-এর অ্যানেক্সার-ভিআইবি অনুসারে প্রয়োজনীয় তথ্য জমা দিতে হবে, সাথে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট কর্তৃক যথাযথভাবে প্রত্যয়িত নিরীক্ষিত ব্যালেন্স শিট / নিরীক্ষিত ব্যালেন্স শীট দ্বারা যথাযথভাবে সমর্থিত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টের সার্টিফিকেট। অন্যান্য নথি জমা দিতে হবে ঃ টেন্ডার নথিতে উল্লেখ করা হয়েছে। অনুরূপ কাজের প্রকৃতি ঃ ডেটা লগার বা আরটিইউ-এর সরবরাহ, স্থাপন ও চালুকরণ অথবা ইআই বা আরআরআই বা পিআই বা আইবিএস বা আইবিএইচ বা এলসি গেট ইন্টারলকিং বা ইয়ার্ড মডিফিকেশন বা ইউএফএসবিআই বা ট্র্যাক সার্কিট (এএফটিসি বা ডিসি টিসি) বা অ্যাক্সেল কাউন্টার (এসএসডিএসি বা এমএসডিএসি বা এইচএ-এসএসডিএসি) বা অটোমেটিক সিগন্যালিং সম্পর্কিত যেকোনো সিগন্যাল ইন্টারলকিং-এর কাজ। দ্রষ্টব্য ঃ টেন্ডারদাতাকে টেন্ডারের সাথে টেন্ডার নথিতে উল্লিখিত যোগ্যতার মানদণ্ড পূরণের দাবির সমর্থনে নথিপত্র জমা দিতে হবে। টেন্ডারদাতা কর্তৃক জমাকৃত প্রমাণপত্রের সমর্থনে নথি/শংসাপত্রের অনুলিপির প্রতিটি পৃষ্ঠা টেন্ডারদাতা বা টেন্ডারদাতা সংস্থার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক স্ব-প্রত্যয়িত/ডিজিটাল স্বাক্ষরিত হতে হবে। স্ব-প্রত্যয়নের মধ্যে স্বাক্ষর, স্ট্যাম্প এবং তারিখ (প্রতিটি পৃষ্ঠায়) অন্তর্ভুক্ত থাকবে। SDAH-33/2026-27

Tender Notice is also available at websites : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in

আমাদের অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter

ACRE MAKING ASSETS WORK

অ্যাসেটস কেয়ার অ্যান্ড রিকনস্ট্রাকশন এন্টারপ্রাইজ লিমিটেড
নিবন্ধিত কার্যালয়: ১৫তম তলা, এরোস কর্পোরেট টাওয়ার, নেহরু প্লেস, নয়াদিল্লি-১১০০১৯। ফোন: ৯১-১১-৪৩১১৫৬০০